বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
ফোন : ০২২২৩৩৮৬৯৩১, ৯৫৬০০২১-২৫, ৯৫৬০০৩১-৩৫ e-mail : dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

ডিএমডি(২)-পরিপত্র নং-০৩/২০২২ তারিখঃ ১০/০৫/২০২২

বিষয় : **অন্যান্য সম্পদের শ্রেণিকরণ এবং প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ১২ এপ্রিল, ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৪ এ প্রদত্ত অন্যান্য সম্পদের শ্রেণিকরণ এবং প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০৫(পাঁচ) পৃষ্ঠা।

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা /হিসাব (শাখা-১)/১৪(বিএস)/ঋণ প্রভিশন/২০২১-২০২২/৭৩৪ (১২৫০) তারিখ : ১০/০৫/২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা;
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা;
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা;
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বিকেবি;
৫। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা;
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা; **আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের Web Site এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি;
৮। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বিকেবি;
৯। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ(এলপিও সহ), বিকেবি;
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি;
১১। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে);
১২। নথি/মহানথি।

(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-০৪

১২ এপ্রিল ২০২২
তারিখঃ ---------------
২৯ চৈত্র ১৪২৮

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**অন্যান্য সম্পদের শ্রেণিকরণ এবং প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ২৫ জুন ২০০১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ এবং ১৩ সেপ্টেম্বর ২০০৫ তারিখে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে জারিকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি (এফইএমও)/০১/২০০৫-৬৭৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-১৪/২০০১ এর মাধ্যমে তফসিলি ব্যাংকসমূহের বিনিয়োগ ও অন্যান্য সম্পদের বিপরীতে শ্রেণিকরণ এবং প্রভিশন সংরক্ষণ এবং এফইপিডি সার্কুলার পত্র নং-এফইপিডি (এফইএমও)/০১/২০০৫-৬৭৭ এর মাধ্যমে নস্ট্রো হিসাব-এ রক্ষিত অসমন্বিত ডেবিট এন্ট্রির সমন্বয়, শ্রেণিকরণ ও প্রভিশন সংক্রান্ত বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

৩। অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত রেভিনিউ এক্সপেন্ডিচার সংক্রান্ত দফাসমূহ ব্যাংকের প্রকৃত সম্পদ নয়, তবুও সম্পদ হিসেবে স্থিতিপত্রে প্রদর্শিত হয়। অনেক সময় কোনো কোনো ব্যাংক ক্যাপিটাল এক্সপেন্ডিচার জাতীয় কিছু দফাও অন্যান্য সম্পদ খাতে প্রদর্শন করে থাকে। ব্যাংক কর্তৃক অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত এ সমস্ত দফাসমূহ সঠিকভাবে এবং যথাযথ খাতে হিসাবভুক্ত করে স্বল্পতম সময়ের মধ্যে সমন্বয় করা অতীব জরুরি। সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত বিভিন্ন দফাসমূহের সমন্বয়, শ্রেণিকরণ এবং প্রভিশন সংরক্ষণের ক্ষেত্রে বিভিন্ন ব্যাংক বিভিন্ন পদ্ধতি অনুসরণ করছে। যার ফলে আর্থিক বিবরণী প্রস্তুতকালে সকল ব্যাংকের ক্ষেত্রে সামঞ্জস্যতা পরিলক্ষিত হয় না। এক্ষণে, অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত এ সমস্ত দফাসমূহ সঠিকভাবে এবং যথাযথ খাতে সমন্বয়, শ্রেণিকরণ ও প্রভিশন সংরক্ষণের ক্ষেত্রে অভিন্ন নীতিমালা প্রণয়ন এবং শিরোনামোক্ত বিষয়ে উল্লেখিত সার্কুলারসমূহের মাধ্যমে প্রদত্ত নির্দেশনা যুগোপযোগী করার নিমিত্ত নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবেঃ-

**ক) অগ্রিম ও ব্যয় বাচক অসমন্বিত দফাসমূহঃ-** ব্যবসা উন্নয়ন, ভ্রমণ, আপ্যায়ন, বিজ্ঞাপন, বেতন ভাতা ইত্যাদি রেভিনিউ এক্সপেন্ডিচার সংক্রান্ত খরচসমূহ বা অন্যান্য সম্পদ খাতের সাসপেন্স/সান্ড্রি ডেটরস/প্রি-পেইড এক্সপেন্স ইত্যাদি শিরোনামের (Title) আওতায় বা অন্য যে কোনো শিরোনামের আওতায় প্রদর্শিত রেভিনিউ এক্সপেন্ডিচার সংক্রান্ত খরচসমূহ সৃষ্টির তারিখ হতে ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব কিন্তু ০১(এক) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা ‘‘সন্দেহজনক মানে’’ শ্রেণিকরণ করে তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০১(এক) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে ‘‘মন্দ/ক্ষতিজনক মানে’’ শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে। এছাড়া, অনেক সময় বিভিন্ন কারণে কোনো কোনো ব্যাংক কর্তৃক ০১(এক) বছরের অধিককাল ব্যবহৃত হয় বা সার্ভিস পাওয়া যায় এরূপ সম্পদ যেমনঃ কম্পিউটার ক্রয়, এটিএম মেশিন ক্রয়, সফটওয়্যার/হার্ডওয়ার ক্রয়, বিভিন্ন স্থাপনার চলমান ব্যয় (Work in Progress) ইত্যাদি ক্যাপিটাল এক্সপেন্ডিচার জাতীয় খরচসমূহ অন্যান্য সম্পদ খাতে প্রদর্শন করা হয়ে থাকে। উক্ত দফাসমূহ সৃষ্টির তারিখ হতে ০১(এক) বছরের মধ্যে সমন্বয় করে যথাযথ খাতে হিসাবভুক্ত করতে হবে। তবে এরূপ ক্যাপিটাল এক্সপেন্ডিচার জাতীয় খরচের কোনো দফা সংশ্লিষ্ট খাতে ০১(এক) বছরের মধ্যে সমন্বয়ের ক্ষেত্রে আইনী বা অন্য কোনো জটিলতা থাকলে আর্থিক বিবরণীতে যথাযথ ডিসক্লোজার দিতে হবে। এক্ষেত্রে উপযুক্ত কারণ ব্যতিরেকে ১ (এক) বছরের মধ্যে তা সমন্বয় করা না হলে “মন্দ/ক্ষতিজনক মানে” শ্রেণিকরণপূর্বক এ ধরনের দফাসমূহের বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা/০২

**খ) মামলা মোকদ্দমা/আইনি খরচঃ-** অন্যান্য সম্পদের মধ্যে আইন খরচ বা মামলা/মোকদ্দমা খরচ থাকলে অনিষ্পন্ন মামলার বিষয়টিতে অনিশ্চয়তা বিদ্যমান বিধায় এ জাতীয় খরচ সৃষ্টির তারিখ হতে "সন্দেহজনক মানে" শ্রেণিকরণ করে তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং সৃষ্টির তারিখ হতে ০১(এক) বছরের মধ্যে সমন্বয় করা না হলে "মন্দ/ক্ষতিজনক মানে" শ্রেণিকরণপূর্বক এ ধরনের দফাসমূহের বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে। তবে, নিষ্পন্নকৃত মামলার বিপরীতে যদি কোনো দফা অসমন্বিত থাকে তাহলে সংশ্লিষ্ট দফা যখনই সৃষ্টি হোক না কেন তা "মন্দ/ক্ষতিজনক মানে" শ্রেণিকরণপূর্বক এর বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

**গ) তছরূপকৃত অর্থ/প্রটেস্টেড বিলঃ** জাল জালিয়াতি, সংঘটিত ডাকাতি, তহবিল তছরূপ ইত্যাদি কারণে এ ধরনের খাত/সম্পদ সৃষ্টি করা হয়, যা ব্যাংক কর্তৃক অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত হয়ে থাকে। তছরূপকৃত অর্থ জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে সম্পূর্ণ আদায়ের পূর্ব পর্যন্ত এ জাতীয় দফাসমূহকে "মন্দ/ক্ষতিজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে। তবে উক্ত অর্থ সম্পূর্ণ আদায় না হয়ে আংশিক আদায় হলে অবশিষ্ট অনাদায়ী অংশের জন্য "মন্দ/ক্ষতিজনক মান" বহাল রেখে তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

**ঘ) আন্তঃশাখার অসমন্বিত হিসাবসমূহঃ** আন্তঃশাখার অসমন্বিত হিসাবসমূহের ক্ষেত্রে কোন ডেবিট এন্ট্রি ০১(এক) বছর ও তদূর্ধ্ব কিন্তু ০২(দুই) বছরের কম সময় পর্যন্ত অসমন্বিত থাকলে তা "সন্দেহজনক মানে" শ্রেণিকরণ করে এর বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০২(দুই) বছর ও তদূর্ধ্ব সময় পর্যন্ত অসমন্বিত থাকলে তা "মন্দ/ক্ষতিজনক মানে" শ্রেণিকরণপূর্বক এর বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

**ঙ) নস্ট্রো একাউন্ট এর অসমন্বিত হিসাবসমূহ ঃ** নস্ট্রো একাউন্টে রক্ষিত লেনদেনের ডেবিট এন্ট্রি ০৬ মাস বা তদূর্ধ্ব কিন্তু ০১(এক) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা "সন্দেহজনক মানে" শ্রেণিকরণ করে তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০১(এক) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে "মন্দ/ক্ষতিজনক মানে" মানে শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

**চ) প্রাপ্য আয় (Accrued Income)-সংক্রান্ত দফাসমূহঃ** ঋণের বিপরীতে প্রাপ্য সুদ, বিভিন্ন ধরনের বিনিয়োগ যেমনঃ ট্রেজারি বিল/বন্ড, কর্পোরেট বন্ড, সাবঅর্ডিনেটেড বন্ড, মিউচ্যুয়াল ফান্ড, কমার্শিয়াল পেপার, ডিবেঞ্চার ইত্যাদির বিপরীতে প্রাপ্য সুদসহ অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত প্রাপ্য আয় সংক্রান্ত দফাসমূহের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবেঃ

i) **ঋণের বিপরীতে প্রাপ্য সুদ (Accrued Interest on Loans & Advances):** কোন বিশেষ কারণে ঋণের বিপরীতে প্রাপ্য সুদ সংশ্লিষ্ট ঋণ হিসাবে অর্ন্তভুক্ত না করে ঋণের বিপরীতে প্রাপ্য সুদ হিসেবে অন্যান্য সম্পদ খাতে প্রর্দশন করা হলে তা আবশ্যিকভাবে যথাসময়ে আদায়/সমন্বয় করতে হবে অথবা সংশ্লিষ্ট ঋণ হিসাবে স্থানান্তর করতে হবে। কোনো কারণে এরূপ ঋণের বিপরীতে প্রাপ্য সুদ সৃষ্টির তারিখ হতে ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব কিন্তু ০১(এক) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা "সন্দেহজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০১(এক) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে "মন্দ/ক্ষতিজনক মানে" মানে শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, কোনো ঋণের বিপরীতে আরোপিত এরূপ প্রাপ্য সুদ, ঋণগ্রহীতা কর্তৃক গৃহীত ঋণের অপরিশোধিত অংশ বিধায় এরূপ ঋণ (সুদের অংশ) যথাসময়ে আদায় না হলে বিধি মোতাবেক শ্রেণিকরণ ও প্রভিশন সংরক্ষণের পাশাপাশি ঋণের শ্রেণিমানের ভিত্তিতে সিআইবিতে রিপোর্টি করতে হবে।

**ii) বিনিয়োগের বিপরীতে প্রাপ্য সুদ (Accrued Interest on Investment):** অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত বিনিয়োগের বিপরীতে প্রাপ্য সুদ (বিনিয়োগের উপর ধার্যকৃত সুদ যা আদায় হয়নি) এর দফাসমূহ সৃষ্টির তারিখ হতে ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব কিন্তু ০১(এক) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা "সন্দেহজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০১(এক) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে "মন্দ/ক্ষতিজনক মানে" মানে শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

**iii) অন্যান্য প্রাপ্য আয় (Other Accrued Income)**: অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত অন্যান্য প্রাপ্য আয়সমূহ যেমনঃ একচেঞ্জ এন্ড ব্রোকারেজ হাউস কমিশন, শেয়ার ও ডিবেঞ্চারের কমিশন, দালালীসহ অন্যান্য প্রাপ্য আয় বিদ্যমান শর্তানুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে আদায়/সমন্বয় না হলে উক্ত সময় অতিক্রান্ত হওয়ার ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব কিন্তু ০১(এক) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা "সন্দেহজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০১ (এক) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে "মন্দ/ক্ষতিজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা/০৩

**ছ) অগ্রিম সিকিউরিটি ডিপোজিটঃ** অগ্রিম হিসেবে প্রদত্ত ডিপোজিটসমূহ যেমনঃ বাড়ি ভাড়া, বিভিন্ন প্রকারের ইউটিলিটি সার্ভিস এর বিপরীতে প্রদত্ত অগ্রিম ডিপোজিটসমূহ (ইলেকট্রিসিটি, গ্যাস, টিএন্ডটি লাইন ইত্যাদির জন্য প্রদত্ত অগ্রিম) চুক্তিতে উল্লেখিত শর্তানুযায়ী সমন্বয় না হলে শর্তানুযায়ী নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার ০১ (এক) বছর বা তদূর্ধ্ব কিন্তু ০২ (দুই) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা ''সন্দেহজনক মানে'' শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০২ (দুই) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে ''মন্দ/ক্ষতিজনক মানে'' শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

**জ) অসমন্বিত সঞ্চয়পত্র/ ওয়েজ আর্নারস বন্ড/আর্মি পেনশন ফান্ড/সিভিল পেনশন ফান্ড ইত্যাদিঃ** অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত অসমন্বিত সঞ্চয়পত্র ও ওয়েজ আর্নারস বন্ড বাবদ প্রদত্ত অর্থ প্রদানের তারিখ হতে ০১ (এক) বছর বা তদূর্ধ্ব কিন্তু ০২ (দুই) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে "সন্দেহজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০২ (দুই) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে "মন্দ/ক্ষতিজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে। তাছাড়া, অন্যান্য সম্পদ খাতে প্রদর্শিত অসমন্বিত আর্মি পেনশন ফান্ড/সিভিল পেনশন ফান্ড ইত্যাদি বাবদ প্রদত্ত অর্থ প্রদানের তারিখ হতে ০২ (দুই) বছরের মধ্যে সমন্বয় না হলে "মন্দ/ক্ষতিজনক মানে" শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

**ঝ) অন্যান্যঃ** সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ''অন্যান্য সম্পদ'' খাতে প্রদর্শিত অবশিষ্ট সকল দফার আদায়যোগ্যতা ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা করতে হবে। আদায়ে অনিশ্চয়তা থাকলে উক্ত দফাসমূহ ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব কিন্তু ০১(এক) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা ''সন্দেহজনক মানে'' শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ৫০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে এবং ০১(এক) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে ''মন্দ/ক্ষতিজনক মানে''শ্রেণিকরণপূর্বক তার বিপরীতে ১০০% সংস্থান (Provision) সংরক্ষণ করতে হবে।

৪। উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক ব্যাংকসমূহকে ৩ নং অনুচ্ছেদে উল্লেখিত অন্যান্য সম্পদের দফাসমূহের শ্রেণিকরণ ও প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর) উক্ত ত্রৈমাসিকের অব্যবহিত পরবর্তী মাসের (এপ্রিল, জুলাই, অক্টোবর এবং জানুয়ারি মাস) ১৫ (পনের) তারিখের মধ্যে সংযুক্ত ''ছক-ক'' এবং সংযুক্ত ''ছক-খ'' মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশনের নিকট দাখিল করতে হবে। এছাড়াও ৩(ঙ) নং ক্রমিকে বর্ণিত নস্ট্রো একাউন্টের অসমন্বিত ডেবিট এন্ট্রির হিসাব সংক্রান্ত তথ্যাদি বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক নির্ধারিত ছকে নির্দিষ্ট তারিখে তাদের নিকট দাখিল করতে হবে।

৫। ২৫ জুন ২০০১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ এবং ১৩ সেপ্টেম্বর ২০০৫ তারিখে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে জারিকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি (এফইএমও)/০১/২০০৫-৬৭৭ এর ০৩ নং অনুচ্ছেদ এতদ্বারা রহিত করা হলো।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

অন্যান্য সম্পদের শ্রেণিকরণ এবং প্রভিশন সংরক্ষণ বিষয়ে রিপোর্টিং এর জন্য প্রস্তুতকৃত “সংযোজনী-ক”

| ক্রম | খাতসমূহ | অশ্রেণিকৃত | শ্রেণিকৃত | | | প্রয়োজনীয় সংস্থান | | | সংরক্ষিত সংস্থান | অতিরিক্ত/ কম সংরক্ষিত সংস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সন্দেহজনক | মন্দমান | মোট | সন্দেহজনক | মন্দমান | মোট | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ (=৩+৪+৫) | ৭ | ৮ | ৯ (=৭+৮) | ১০ | ১১ (=১০-৯) |
| ১। | অগ্রিম ও ব্যয় বাচক অসমন্বিত দফাসমূহ | | | | | | | | | |
| | ক) ব্যবসা উন্নয়ন | | | | | | | | | |
| | খ) ভ্রমণ | | | | | | | | | |
| | গ) আপ্যায়ন | | | | | | | | | |
| | ঘ) বিজ্ঞাপন | | | | | | | | | |
| | ঙ) বেতন ভাতা | | | | | | | | | |
| | চ) ........ | | | | | | | | | |
| ২। | মামলা মোকদ্দমা/আইনি খরচ | | | | | | | | | |
| ৩। | তছরূপকৃত অর্থ/প্রটেস্টেড বিল | | | | | | | | | |
| ৪। | আন্তঃশাখার ডেবিট এন্ট্রির অসমন্বিত হিসাবসমূহ | | | | | | | | | |
| ৫। | নোস্ট্রো একাউন্ট এর ডেবিট এন্ট্রির অসমন্বিত হিসাবসমূহ | | | | | | | | | |
| ৬। | প্রাপ্য আয় (Accrued Income) সংক্রান্ত দফাসমূহ | | | | | | | | | |
| | ক) ঋণের বিপরীতে প্রাপ্য সুদ (Accrued Interest on Loans/Advances) | | | | | | | | | |
| | খ) বিনিয়োগের বিপরীতে প্রাপ্য সুদ (Accrued Interest on Investment) | | | | | | | | | |
| | গ) অন্যান্য প্রাপ্য আয় (Other Accrued Income) | | | | | | | | | |
| | ঘ) ........ | | | | | | | | | |
| ৭। | অগ্রিম সিকিউরিটি ডিপোজিট | | | | | | | | | |
| ৮। | সঞ্চয়পত্র সংক্রান্ত দফাসমূহ | | | | | | | | | |
| | ক) অসমন্বিত সঞ্চয়পত্র | | | | | | | | | |
| | খ) ওয়েজ আর্নারস বন্ড | | | | | | | | | |
| | গ) আর্মি পেনশন ফান্ড | | | | | | | | | |
| | ঘ) সিভিল পেনশন ফান্ড | | | | | | | | | |
| | ঙ) ..... | | | | | | | | | |
| ৯। | অন্যান্য অসমন্বিত দফাসমূহ | | | | | | | | | |
| | ক) ........ | | | | | | | | | |
| | খ) ........ | | | | | | | | | |
| | গ) ........ | | | | | | | | | |
| | ঘ) ........ | | | | | | | | | |
| | ঙ) ........ | | | | | | | | | |
| ১০। | সর্বমোট= | | | | | | | | | |

**অন্যান্য সম্পদের Aging Schedule সংক্রান্ত তথ্যাদির রিপোর্টিং এর জন্য প্রস্তুতকৃত "সংযোজনী-খ"**

| ক্রম | খাতসমূহ | | অনধিক ৩ মাস | ৩ মাস থেকে অনধিক ৬ মাস | ৬ মাস থেকে অনধিক ১২ মাস | ১২ মাস থেকে অনধিক ২ বছর | ২ বছর এবং তদুর্ধ্ব |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | অগ্রিম ও ব্যয় বাচক অসমন্বিত দফাসমূহ | | | | | | |
| | ক) | ব্যবসা উন্নয়ন | | | | | |
| | খ) | ভ্রমণ | | | | | |
| | গ) | আপ্যায়ন | | | | | |
| | ঘ) | বিজ্ঞাপন | | | | | |
| | ঙ) | বেতন ভাতা | | | | | |
| | চ) | ........ | | | | | |
| ২। | মামলা মোকদ্দমা/আইনি খরচ | | | | | | |
| ৩। | তছরূপকৃত অর্থ/প্রটেষ্টেড বিল | | | | | | |
| ৪। | আন্তঃশাখার অসমন্বিত হিসাবসমূহ | | | | | | |
| ৫। | নোস্ট্রো একাউন্ট এর ডেবিট এন্ট্রির অসমন্বিত হিসাবসমূহ | | | | | | |
| ৬। | প্রাপ্য আয় (Accrued Income) সংক্রান্ত দফাসমূহ | | | | | | |
| | ক) | ঋণের বিপরীতে প্রাপ্য সুদ (Accrued Interest on Loans/Advances) | | | | | |
| | খ) | বিনিয়োগের বিপরীতে প্রাপ্য সুদ (Accrued Interest on Investment) | | | | | |
| | গ) | অন্যান্য প্রাপ্য আয় (Other Accrued Income) | | | | | |
| | ঘ) | ........ | | | | | |
| ৭। | অগ্রিম সিকিউরিটি ডিপোজিট | | | | | | |
| ৮। | সঞ্চয়পত্র সংক্রান্ত দফাসমূহ | | | | | | |
| | ক) | অসমন্বিত সঞ্চয়পত্র | | | | | |
| | খ) | ওয়েজ আর্নারস বন্ড | | | | | |
| | গ) | আর্মি পেনশন ফান্ড | | | | | |
| | ঘ) | সিভিল পেনশন ফান্ড | | | | | |
| | ঙ) | ........ | | | | | |
| ৯। | অন্যান্য | | | | | | |
| | ক) | ....... | | | | | |
| | খ) | ....... | | | | | |
| | গ) | ....... | | | | | |
| | ঘ) | ....... | | | | | |
| | ঙ) | ....... | | | | | |
| ১০। | সর্বমোট= | | | | | | |